## উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ নুর-ই-আলম সিদ্দিকী
প্রশাসক
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী

সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম

তারিখ ঃ ২২/০৭/২৫ ইং

সময় ঃ ১১:০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের (স্বাক্ষরের ক্রমানুসারে)- পরিশিষ্ট "ক"**

সভার শুরুতে সভার সভাপতি উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর সভায় সদস্য সচিব সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, তার বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বিভিন্ন ইউনিয়নে নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। গ্রামীন জনগণকে শতভাগ স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারে উদ্বুদ্ধ করা হচ্ছে। সভায় সদস্য ইউপি চেয়ারম্যানগণ হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে টিউবয়েল ও স্যানিটারী ল্যাট্রিন প্রদানের প্রস্তাব দেন।

সভায় জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কাজ সঠিকভাবে করার জন্য সংশ্লিষ্ঠ সকলের সহযোগিতা কামনা করা হয়।

আলোচনাঃ সৈয়দপুর উপজেলায় শতভাগ বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন নিশ্চিতের জন্য ০৫ টি ইউনিয়নে নলকূপ, রিং ও স্লাব বিতরনের প্রস্তাব প্রেরণ।

**সিদ্ধান্তঃ**

সৈয়দপুর উপজেলার ০৫ টি ইউনিয়নে নলকূপ, রিং ও স্লাব বিতরনের সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
প্রশাসক
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি
সৈয়দপুর, নীলফামারী।